**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 15-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Dharti Aaba Janabhagidari Abhiyan :

ধরতি আবা, জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযানের অঙ্গ হিসেবে আজ থেকে রাজ্যে পক্ষকালব্যাপী ধরতি আবা জনভাগীদারি অভিযান শুরু হচ্ছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে রাজ্যভিত্তিক অভিযানের সূচনা করবেন উপজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা। গতকাল আগরতলায় উপজাতি কল্যান দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস সাংবাদিক সম্মেলনে জানান| অভিযান চলবে আগামী ৩০শে জুন পর্যন্ত| অধিকর্তা শ্রী দাস আরও জানান, ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে আজ থেকে রাজ্যের ৫২টি ব্লকের ৩৯২টি গ্রামে বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছে ।শিবিরে আধার কার্ড, রেশন কার্ড, পিআরটিসি, আয়ুষ্মান ভারত কার্ড, টিকাদান, জনধন অ্যাকাউন্ট চালু করা, কিষাণ ক্রেডিট কার্ড সহ অন্যান্য পরিষেবা দেওয়া হবে।

**********************

## P.M Tour :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সাইপ্রাস, কানাডা এবং ক্রোয়েশিয়া তিন দেশ সফরের উদ্দেশ্যে রওয়ানা হবেন। প্রধানমন্ত্রীর তিন-দেশ সফর শুরু হবে সাইপ্রাস দিয়ে, যা দুই দশকেরও বেশি সময় পরে কোন ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম

সাইপ্রাস সফর হবে। সাইপ্রাস সফরের গুরুত্ব রয়েছে কারণ সাইপ্রাস কাশ্মীর, সীমান্ত পার সন্ত্রাস এবং জাতিসংঘ নিরাপত্তা পরিষদে সংস্কারের বিষয়ে ভারতের অবস্থানের এক ধারাবাহিক সমর্থক। সাইপ্রাস থেকে প্রধানমন্ত্রীর কানাডায় যাওয়ার পরিকল্পনা রয়েছে G7 সম্মেলনে অংশগ্রহণ করার জন্য। কানাডা থেকে ফেরার  সময় তিনি ক্রোয়েশিয়া সফরে যাবেন।

********************

**World Blood Doners Day-C.M :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নিয়মিত রক্ত দান করলে শরীর সুস্থ সবল হয় এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে বিশ্ব রক্তদাতা দিবস উপলক্ষে স্বাস্থ্য দপ্তর আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা বলেন| তিনি বলেন, রাজ্যে রক্তের পৃথকীকরণ ব্যবস্থা থাকায় এক ইউনিট রক্ত অন্তত তিনজনের মধ্যে বিতরন করা সম্ভব হচ্ছে। তিনি বলেন, মোট জনসংখ্যার এক শতাংশ ইউনিট রক্ত ব্লাড ব্যাংকগুলোতে মজুত রাখতে হয়। এর জন্য তিনি বিভিন্ন সংস্থা, সংগঠন ব্যক্তিগত পর্যায়ে নিয়মিত রক্তদানে এগিয়ে আসার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

******************

**Union Home Minister :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ লখনউয়ে এক অনুষ্ঠানে উত্তরপ্রদেশ পুলিশে ৬০ হাজার ২৪৪ জন নতুন কনস্টেবল নিয়োগে নিযোগপত্র বিতরণ করবেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও উপস্থিত থাকবেন।এই নতুন

নিয়োগ রাজ্যের আইন প্রয়োগকে শক্তিশালী করার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে চিহ্নিত হবে। 60,244 কনস্টেবলের মধ্যে 12,048 জন মহিলা। এটি প্রথমবারের মতো যে কোনো নিরাপত্তা বাহিনীতে এত সংখ্যক মহিলাকে নিযোগপত্র দেয়া হচ্ছে।

************************

**CIVIL AVIATION MINISTER :**

অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে. রামমোহন নাইডু জানিয়েছেন, সার্বিক নিরাপত্তার স্বার্থে বোয়িং সেভেন এইট সেভেন সিরিজের বিমানগুলির সতর্ক নজরদারির জন্য অসামরিক বিমান পরিবহণ মহানির্দেশকের কার্যালয় থেকে নির্দেশ জারি করা হয়েছে| তিনি বলেন, ভারতে সেভেন এইট সেভেন সিরিজের চৌত্রিশটি বিমান রয়েছে এবং এর মধ্যে আটটির যাচাই প্রক্রিয়া শেষ হয়েছে|

অসামরিক বিমান পরিবহন মন্ত্রী আরো বলেন, আমেদাবাদে দুর্ভাগ্যজনক বিমান দুর্ঘটনায় নিহত যাত্রীদের সনাক্তকরণে ডি.এন.এ পরীক্ষা আন্তর্জাতিক বিধিবদ্ধতা অনুসারে করা হচ্ছে। এই দুর্ঘটনায় সরকার ক্ষতিগ্রস্তদের পাশে সর্বাত্মকভাবে থাকবে|

*******************

**Add Air India flight Accident :**

এদিকে, আমেদাবাদে বিধ্বংসী এয়ার ইন্ডিয়র বিমান দুর্ঘটনায় মৃতের সংখ্যা ২৫৪-এ পৌঁছেছে। বিমানে মোট ২৪২ জন যাত্রী ছিলেন | শুধুমাত্র একজন বেঁচে ফিরেছেন, যিনি একজন ভারতীয় বংশোদ্ভুত ব্রিটিশ নাগরিক। ইন্ডিয়ান

মেডিকেল অ্যাসোসিয়েশনের, গুজরাট শাখার সভাপতি মেহুল শাহ, চারজন চিকিৎসা ছাত্র এবং এক চিকিৎসকের স্ত্রীর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। বর্তমানে, ৩১ জন আহত ব্যক্তি সিভিল হাসপাতালে চিকিৎসাধীন আছেন। যেখানে চিকিৎসকরা ক্রিটিক্যাল কেয়ার দেয়ার জন্য দিনরাত কাজ করছেন। দুর্ঘটনার সঠিক কারণ নির্ধারণের জন্য AIRCRAFT ACCIDENT INVESTIGATION BUREAU (AAIB) এর একটি দল দুর্ঘটনাস্থল থেকে বিমানের ব্ল্যাক বক্স - যেটিকে ফ্লাইট ডেটা রেকর্ডার বলা হয় - উদ্ধার করেছে। ফরেনসিক বিশেষজ্ঞরাও বিস্তারিত পরীক্ষা শুরু করেছেন। কর্তৃপক্ষ বলেছে যে, ব্যাপক ফরেনসিক ও প্রযুক্তিগত বিশ্লেষণের পর দুর্ঘটনার কারণ নিশ্চিত করা হবে।

***********************

**Rita's Bronze :**

ভুটানে ১৫তম দক্ষিণ এশিয়ান বডি বিল্ডিং ও ফিজিক স্পোর্টস প্রতিযোগিতায় ভারতীয় দলের হয়ে অংশ নিয়ে ত্রিপুরার রীতা নাগ ব্রোঞ্জ পদক লাভ করে ইতিহাস সৃষ্টি করেছেন। গতকাল মহিলা ফিজিক চ্যাম্পিয়নশীপে ১৫৫ সেন্টিমিটার বিভাগে রীতা ব্রোঞ্জ পান। এটি রাজ্যের ইতিহাসে বডি বিল্ডিং ও মহিলা ফিজিক-এ প্রথম আন্তর্জাতিক পদক। ভুটান থেকে ত্রিপুরা বডি বিল্ডার্স ও ফিটন্যাস এসোসিয়েশনের সভাপতি তনয় দাস এখবর জানান।

**********************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় সরোজ সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় সরোজ সংঘ ৩-১ গোলে ত্রিবেণী সংঘকে পরাজিত করে।

*******************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। গতকাল সকাল আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ৪.৬ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।

******************

****************